

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং- ২৬

৩০ অগ্রহায়ন, ১৪১৭
তারিখ :-----
ডিসেম্বর ১৪, ২০১০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

আলু রপ্তানির ক্ষেত্রে রপ্তানি মূল্যের সিলিং নির্ধারন প্রসংগে

শিরোনামোক্ত বিষয়ে ২৮শে জানুয়ারী, ২০০৪ তারিখে জারীকৃত এফ,ই সার্কুলার নং ০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকার বিদেশে আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে আলুর সিলিং মূল্য টন প্রতি ২৮০ মাঃ ডঃ নির্ধারন করেছে। এটি ন্যূনতম রপ্তানি মূল্য (MEP) নয়; নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রকৃত রপ্তানি মূল্য ও বর্ণিত সিলিং মূল্য, এ দুটির মধ্যে যেটি কম হয় সেটি প্রযোজ্য হবে।

০৩। এতদপেক্ষিতে এফই সার্কুলার নং ০১, তারিখ ২৮/০১/২০০৪ নিম্নরূপে সংশোধন করা হ'লঃ

১) সার্কুলারের সাথে সংযুক্ত 'ফরম-ক' এর (ঘ) অনুচ্ছেদের ছকটি নিম্নের ছক দ্বারা প্রতিস্থাপিত হবেঃ
(ঘ)নগদ সহায়তার আবেদনকৃত অংকঃ

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়)	প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ	বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইন্স্যুরেন্স ইত্যাদি (যদি থাকে)	নীট এফওবি রপ্তানিমূল্য (১)-(২+৩)	প্রাপ্য নগদ সহায়তা (নীট এফওবি রপ্তানিমূল্য (৪) অথবা সিলিং মূল্য (২৮০ মাঃ ডঃ টন প্রতি হারে), এ দুটির মধ্যে যেটি কম) x নগদ সহায়তা প্রাপ্তির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সাটিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

২) সার্কুলারের সাথে সংযুক্ত 'ফরম-ক' এর (চ) অনুচ্ছেদের ছকটি নিম্নের ছক দ্বারা প্রতিস্থাপিত হবেঃ
(চ)নগদ সহায়তা প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরনীয়ঃ

প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়)	বৈদেশিক মুদ্রায় বিদেশে পরিশোধ্য কমিশন, ইন্স্যুরেন্স, প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়া ইত্যাদি বাবদ মোট পরিমাণ	নীট এফওবি রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) (১)-(২)	পরিশোধ্য নগদ সহায়তার পরিমাণ (টাকায়) (নীট এফওবি রপ্তানিমূল্য (৩) অথবা সিলিং মূল্য (২৮০ মাঃ ডঃ টন প্রতি হারে), এ দুটির মধ্যে যেটি কম) x নগদ সহায়তা প্রাপ্তির হার x রপ্তানিমূল্য প্রত্যাবাসন তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য
(১)	(২)	(৩)	(৪)

০৪। আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তা সংক্রান্ত অত্র সার্কুলারসহ অন্যান্য সার্কুলারের অপরাপর নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৫